



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-ক/অ/

তারিখ : ১৫/০২/২০২৩

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

প্রাপক : ক) সভাপতি
বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজ
ডাকঃ গাংনী, মেহেরপুর।

খ) অধ্যক্ষ
বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজ
ডাকঃ গাংনী, মেহেরপুর।

বিষয় : বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ কামরুজ্জামানের অধ্যক্ষের অবৈধ দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্র : অত্র দপ্তরের ১২-০৬-২০১৩ তারিখের কলেজ/অনু/৩৩৫ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, অত্র বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি ১৮-০৫-২০১৩ তারিখে অনুষ্ঠিত ৫২ তম সভার ২/৩ নং সিদ্ধান্ত অনুযায়ী এবং সূত্রে বর্ণিত স্মারক পত্রে জনাব মোঃ কামরুজ্জামান কে চূড়ান্ত ভাবে বরখাস্ত করণ অনুমোদন করা হয়। এর প্রেক্ষিতে তিনি মাহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৬৬৮৩/১৩ দায়ের করেন। যা এখনও নিষ্পত্তি হয় নাই। এমতাবস্থায় তিনি এখনও বেআইনী ভাবে অধ্যক্ষের দায়িত্ব পালন করে যাচ্ছেন। কেন এবং কি ভাবে অত্র বোর্ডের আদেশ অমান্য করে তিনি অধ্যক্ষের দায়িত্ব পালন করছেন তার ব্যাখ্যা অত্র পত্র প্রাপ্তির ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট লিখিত ভাবে পেশ করার জন্য নির্দেশ প্রদান করা হল।

স্বাক্ষর :
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
যশোর।
টেলিফোন নং-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং ক/অ/ ১৯৩২ (৫)/৩

তারিখ: ২৭/০২/২০২৩

কার্যার্থে অনুলিপি প্রেরিত হলঃ

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ৪। জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর।
- ৭। ম্যানেজার, রূপালী ব্যাংক, মেহেরপুর।
- ৮। সংরক্ষণ নথি।

স্বাক্ষর :
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
যশোর।
টেলিফোন নং-০৪২১-৬৮৬৩৮

স্বাক্ষর :
২৭/০২/২৩